

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৩৮৮.১৪-৯২

তারিখ: ২২ মাঘ ১৪৩০।
০৫ ফেব্রুয়ারি ২০২৩।

বিষয়: নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে দৈনিক মজুরি ভিত্তিতে ০১ (এক) জন কেয়ারটেকার নিয়োগ সংক্রান্ত।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা'র স্মারক নং-১০২৫; তারিখ: ২৭ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “উপজেলা সাংগঠনিক কাঠামো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০” অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে দৈনিক চুক্তিতে মালি/সুইপার নিয়োগের বিধান থাকলেও অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমের জন্য কোন জনবল নিয়োগ ও মজুরি প্রদানের বিধান নেই।

০২। এমতাবস্থায়, নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমের জন্য দৈনিক মজুরি ভিত্তিতে ০১ (এক) জন কেয়ারটেকার নিয়োগের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

(পূর্ববর্তী পোলদার)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।